যুগান্তর

14 FEB 2017
পৃষ্ঠা ৩৭ ... ২

আর কেউ সেশন বেনিফিট পাবেন না

# পুরনো স্কেলেই পেনশন বুয়েটের ৩২ শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীর

**যুগান্তর রিপোর্ট**

অবসরে যাওয়া বুয়েটের ৩২ শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী পুরনো স্কেলেই পেনশন পাবেন। সরকারি আর্থিক বিধি অনুযায়ী ২০১৫ সালের পে-স্কেলে তাদের পেনশন দেয়ার সুযোগ নেই। এরপরও এ ব্যাপারে নির্দেশনা চেয়ে সোমবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছে। সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা গেছে।

এদিকে বুয়েটের ভিসি অধ্যাপক ড. সাইফুল ইসলাম উদ্ভূত পরিস্থিতি অবহিত করতে সোমবার ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় তিনি রোববার পেনশন ইস্যুতে এক কর্মচারীর লাশ নিয়ে প্রশাসনিক ভবনের সামনে অবস্থানের বিষয়টি ইউজিসি চেয়ারম্যানকে অবহিত করেন। কর্মকর্তা-কর্মচারীদের দাবির বিষয়ও জানানোর পাশাপাশি এ খাতে বর্ধিত বরাদ্দ চান। তবে ইউজিসি থেকে এ খাতে বর্ধিত বরাদ্দ দেয়ার সুযোগ নেই বলে ভিসিকে জানানো হয়। এ প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান যুগান্তরকে বলেন, 'বুয়েটের ভিসির সঙ্গে আমার আলোচনা হয়েছে। কিন্তু কর্মকর্তা-কর্মচারীরা দুটি দাবি করছেন। কিন্তু ভিসি চাইলেই এসব দাবি পূরণ করতে পারবেন না। কেননা, সরকারের আর্থিক বিধিবিধান আছে। সেটা সবাইকে মেনে চলতে হবে। ব্যত্যয় ঘটলে নানা ধরনের শাস্তির মুখোমুখি হতে হয়।'